হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ অষ্টম খণ্ড ॥

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে

সম্পাদনা

ধরিত্রী রায়

অসীমকুমার চট্টোপাধ্যায়

দীপায়ন ॥ ২০ কেশবচন্দ্র সেন স্ট্রীট ॥ কলকাতা ৭০০ ০০৯

Hindusthani Sangeet-Paddhati

by

Pandit Bishnunarayan Bhatkhande

Vol. VIII

প্রথম প্রকাশ ॥ আশ্বিন ১৩৯৮

বঙ্গানুবাদ ॥ অসীমকুমার চট্টোপাধ্যায়
প্রকাশক ॥ রেণুকা সাহা
২০ কেশব সেন স্ট্রীট ॥ কলিকাতা ৭০০০০৯
প্রচ্ছদপট ॥ সন্দীপন ভট্টাচার্য
মুদ্রাকর ॥ সোনা মুদ্রণ
৭৬/২ বিধান সরণী ॥ কলিকাতা ৭০০০০৬

সঙ্গীতাচার্য সুরসাগর রাধিকাপ্রসাদ গোস্বামীর
পুণ্য স্মৃতির উদ্দেশে

প্রকাশিত অন্যান্য বই

□ সপ্ত-তন্ত্রিকা তত্ত্ব □

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

সমগ্র গ্রন্থটি আনুমানিক সাত হাজার পৃষ্ঠার। এই গ্রন্থমালাটি নয় ভাগে প্রকাশিত হবে। এক্ষণে প্রথম ও দ্বিতীয় ভাগ প্রকাশিত হয়েছে, প্রতি ভাগের দুই খণ্ড হিসাবে মোট চারটি খণ্ড প্রকাশিত হয়েছে। পরবর্তী খণ্ডগুলির কাজ চলছে। এই গ্রন্থে সেতারসহ সমগোত্রীয় সমস্ত ধরনের তারযন্ত্রের বিস্তারিত পরিচয়, সেতার বাদন পদ্ধতি, বিস্তারিত শাস্ত্রীয় আলোচনা, স্বরবিস্তারসহ ৩৪২টি রাগ-পরিচয় দেওয়া হয়েছে। এছাড়া প্রতিটি রাগ-পিছু ৬ থেকে ৩৫টি পর্যন্ত গৎ এবং সম্পূর্ণ গ্রন্থটিতে ১৫০টি বিভিন্ন তালে মোট গৎ সংখ্যা ৩৭০০ দেওয়া হয়েছে। সেতার সহ তত, বিতত ও শুষির জাতীয় সর্বপ্রকার বাদ্যযন্ত্রের (যাতে স্বরসপ্তক বাজানো যায়) তত্ত্ব ও অনুশীলনের বিষয়ে এটি একটি মৌলিক আকর গ্রন্থ। এরূপ গ্রন্থ এখনও পর্যন্ত শুধু বাংলা ভাষায় নয়, ভারতীয় কোন ভাষাতেই প্রকাশিত হয় নি। এই গ্রন্থটি এ বিষয়ে একটি কোষগ্রন্থের মর্যাদা লাভ করবে বলে আশা করা যেতে পারে। পাঠকবর্গের সুবিধার্থে প্রতিটি ভাগের প্রতিটি খণ্ডের মধ্যে সমগ্র গ্রন্থটির নয় ভাগের সম্পূর্ণ বিষয়বস্তু এবং পূর্ণাঙ্গ সূচীপত্র দেওয়া হয়েছে।

প্রকাশনা প্রসঙ্গে

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডের 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' উচ্চাঙ্গ সঙ্গীতের শিক্ষার্থী এবং সঙ্গীতানুরাগীদের কাছে একটি অপরিহার্য গ্রন্থ। কিন্তু এতদিন পর্যন্ত এই বিপুলায়তন মূল্যবান গ্রন্থের কোন বাংলা অনুবাদ না থাকায় বাংলাভাষী শিক্ষার্থীদের বিস্তর অসুবিধার সম্মুখীন হতে হয়েছে। সেই অসুবিধা দূর করতে এবং মার্গসঙ্গীতের প্রসার ঘটানোর বিনম্র মানসে এই ভাষান্তরিত সংস্করণ প্রকাশের প্রয়াস। সঙ্গীতপ্রেমী মহলে ইতিমধ্যেই বইটির বিপুল সমাদর লাভ আমাদের নতুন করে উৎসাহ যুগিয়েছে।

প্রকাশনার সুবিধার জন্য আমরা মূল 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' গ্রন্থটিকে বারোটি খণ্ডে ভাগ করে নিয়েছি। ইতিমধ্যে সবকটি খণ্ডই প্রকাশিত হয়েছে।

এই খণ্ডটির প্রথম সংস্করণ দ্রুত নিঃশেষিত হওয়ায় পরিমার্জিত করে নতুন সংস্করণ প্রকাশ করা হলো।

বইটির মূল মারাঠি ও হিন্দি সংস্করণ অনুসরণ করে প্রতিটি বিষয় মূলানুগ রাখা হয়েছে। প্রথম সংস্করণের ভুলত্রুটি শুধরে নেওয়ার চেষ্টা করা হয়েছে এই সংস্করণে, সেইসঙ্গে বিন্যাসেও কিছু পরিবর্তন আনা হয়েছে। প্রতিটি গানের বাণী আলাদা করে সংযোজন করা হয়েছে স্বরলিপির আগে। সেইসঙ্গে সবশেষে এই খণ্ডের অন্তর্ভুক্ত গানগুলির রাগানুযায়ী বিন্যাসের একটি সূচিও সংযোজিত করা হয়েছে। এর ফলে বইটি সঙ্গীতশিক্ষার্থীদের কাছে ব্যবহারিক দিক থেকে আরও বেশি উপযোগী হয়ে উঠবে বলেই আমাদের বিশ্বাস।

এই খণ্ডে জয়জয়ন্তী, রামকলী, পূরিয়া ধনাশ্রী, বসন্ত, পরজ, পূরিয়া ও ললিত—এই সাতটি রাগের মোট ১৮৩টি গান স্বরলিপিসহ দেওয়া হয়েছে। সেইসঙ্গে সংযোজিত হয়েছে প্রতিটি রাগের স্বর-বিস্তার। এই বইতে যে-সব তাল ব্যবহৃত হয়েছে, সেগুলির পরিচিতিও দেওয়া হয়েছে বইয়ের শুরুতে। বইতে ব্যবহৃত প্রতিটি চিহ্ন সম্বন্ধেও দেওয়া হয়েছে বিশদ নির্দেশ।

সমগ্র গ্রন্থে (বঙ্গানূদিত দ্বাদশ খণ্ডে) ১৮৩টি রাগের প্রায় ১৯০০ গান (চিজ)-এর স্বরলিপি দেওয়া হয়েছে।

ধন্যবাদ জানাচ্ছি সোনা মুদ্রণের কর্মীবৃন্দ ও পরিচালক মহাশয়কে দুরূহ মুদ্রণকর্মে আন্তরিক সহযোগিতার জন্য।

বাংলাভাষী সঙ্গীত অনুরাগী ও শিক্ষার্থীদের কথা মনে রেখেই আমাদের এই প্রকাশনা। এ বই তাঁদের প্রয়োজনে এবং সঙ্গীতের প্রসারে কাজে লাগলে সার্থক হবে আমাদের প্রচেষ্টা।

অন্যান্য খণ্ডসমূহের বিষয়সূচী

☐ প্রথম খণ্ড ☐

পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে প্রসঙ্গে।

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ সংগীত—দক্ষিণ এবং উত্তর পদ্ধতি। নাদ। স্বর। সপ্তক। ঠাট। রাগ। অলঙ্কার। বাদী, সমবাদী, অনুবাদী, বিবাদী। স্বর মালিকা। লক্ষণ গীত। খেয়াল ও ধ্রুপদ। স্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ। আশ্রয় রাগ। বক্রস্বর, পকড়, মাত্রা ও লয়।

স্বর বোধ। পাঠ এক থেকে দশ অধ্যায়।

রাগ বোধ। কল্যাণ ঠাট (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), বিলাবল ঠাট (২), খমাজ ঠাট (২), ভৈরব ঠাট (২), পূর্বী ঠাট (২), মারোয়া ঠাট (২), কাফী ঠাট (২), আশাবরী ঠাট (২), ভৈরব ঠাট (২), তোড়ী ঠাট (২)। ঠাটের সঙ্গে ঠাট-রাগের তুলনামূলক আলোচনা।

রাগ পরিচয়। রাগ ইমন (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৪), রাগ ইমন-কল্যাণ (২০), রাগ বিলাবল (৫), রাগ আলাহিয়া বিলাবল (২৩), রাগ খমাজ (৩০)। এই খন্ডের অন্তর্ভূক্ত রাগগুলির স্বরবিস্তার ও ১২২টি গানের বাণী।

☐ দ্বিতীয় খণ্ড ☐

চিহ্ন ও তাল পরিচিতি।

রাগ পরিচয়। রাগ ভৈরব (স্বরলিপিসহ গানের সংখ্যা ৪৭), পূর্বী (৩৪), মারোয়া (২৫), কাফী (২৪)। এই খণ্ডের অন্তর্ভুক্ত চারটি রাগের স্বরবিস্তার ও ১৪০টি গানের বাণী।

☐ তৃতীয় খণ্ড ☐

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ আসাবরী (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৩), ভৈরবী (২৬), তোড়ী (৩৯)। এই খণ্ডের অন্তর্ভুক্ত তিনটি রাগের স্বর-বিস্তার ও ৮৮টি গানের বাণী।

□ চতুর্থ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ ঠাটসমূহের উৎপত্তি ও সংখ্যা। রাগ সংখ্যা। রাগ-রাগিণীর প্রাচীন বিভাজন পদ্ধতি। পূর্বরাগ ও উত্তররাগ। সন্ধিপ্রকাশ রাগ। গায়কের গুণাগুণ। শুদ্ধ, ছায়ালগ এবং সংকীর্ণ রাগের বর্গীকরণ। গ্রহ, অংশ ও ন্যাসস্বর।

রাগ ভূপালী (স্বরলিপিসহ গানের সংখ্যা ৩৬), হমীর (৩২), কেদার (৪৩), বেহাগ (৪৭)। এই খণ্ডের অন্তর্ভুক্ত চারটি রাগের স্বরবিস্তার ও ১৫৮টি গানের বাণী।

□ পঞ্চম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ দেস (স্বরলিপিসহ গানের সংখ্যা ৩৪), তিলককামোদ (২৮), কলিঙ্গড়া (১৭), শ্রী (২৯), সোহিনী (৩৯), বাগেশ্রী (৩৭)। এই খণ্ডের অন্তর্ভুক্ত ছয়টি রাগের স্বরবিস্তার ও ১৭৬টি গানের বাণী।

□ ষষ্ঠ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ বিন্দ্রাবনী সারঙ্গ (স্বরলিপিসহ গানের সংখ্যা (৪০), ভীমপলাসী (৩৭), পীলু (২৬), জৌনপুরী (৪১), মালকোঁস (৩৫)। এই খণ্ডের অন্তর্ভুক্ত পাঁচটি রাগের স্বরবিস্তার ও ১৭৯টি গানের বাণী।

□ সপ্তম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ শ্রুতি ও স্বরস্থান। শ্রুতি ও স্বরব্যবস্থা। শুদ্ধ স্বর, বিকৃত স্বর, মঞ্জরীকারের স্বর। গীত, গন্ধর্ব, গান। দেশী সংগীত। নিবদ্ধ ও অনিবদ্ধ গান। রাগালাপ। রাগ লক্ষণ। বহুত্ব ও অল্পত্ব। জাতির লক্ষণসমূহ। রূপকালাপ। আলপ্তি। আবির্ভাব ও তিরোভাব। স্থায় ও স্বস্থান। মুখচালন ও আক্ষিপ্তিকা। প্রচলিত আলাপ গান। তান।

রাগ শুদ্ধকল্যাণ (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৪), কামোদ (১৯), ছায়ানট (২২), গৌড়সারং (২৭), হিন্দোল (২৬), শংকরা (২৯), দেশকার (২৩)। এই খণ্ডের অন্তর্ভুক্ত সাতটি রাগের স্বরবিস্তার ও ১৭০টি গানের বাণী।

□ নবম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি। রাগ গৌড়মল্লার (স্বরলিপিসহ গানের সংখ্যা ২৫), মিয়াঁ মল্লার (২৬), বাহার (৩৬), দরবারী কানাড়া (৩৯), অড়ানা (২৮), মুলতানী (৩৬)। এই খণ্ডের অন্তর্ভুক্ত ছয়টি রাগের স্বরবিস্তার ও ১৮২টি গানের বাণী।

□ দশম খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ বিষয় প্রবেশ। প্রাচীন সংগীত। ভরত এবং শার্ঙ্গদেবের শ্রুতিসমূহ। শিক্ষাগ্রন্থ। স্বরমেলকলানিধি। রাগবিরোধ। সংগীতসময়সার ও সদ্রাগচন্দ্রোদয়। সংস্কৃত গ্রন্থকারদের তুলনামূলক শ্রুতি রচনা। সঙ্গীত পারিজাত। রাগ তরঙ্গিনী। অহোবল এবং লোচনের শুদ্ধ-বিকৃত স্বরের প্রকরণ সারাংশ। বাদী-সমবাদী স্বরের শ্রুত্যন্তর নির্ধারিত করার নিয়ম। শুদ্ধ এবং বিকৃত জাতি। মূর্ছনার অর্থ ও প্রয়োগকালীন পরিবর্তন।

কল্যাণ ঠাটের রাগসমূহ (অপ্রসিদ্ধ রাগসমূহ)ঃ রাগ চন্দ্রকান্ত (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), সাওয়নী কল্যাণ (২), জেত কল্যাণ (৭), শ্যাম কল্যাণ (৯), মালশ্রী (১২)।

বিলাবল ঠাটের রাগ (অপ্রসিদ্ধ রাগসমূহ)ঃ রাগ হেমকল্যাণ (স্বরলিপিসহ গানের সংখ্যা ৩), ইমনী বিলাবল (৮), দেবগিরি বিলাবল (৮), ঔড়বদেবগিরি (২), সরপরদা (৭), লচ্ছাসাখ (৬), শুক্ল বিলাবল (৮), কুকুভ (২০), নট (২), নারায়ণ (১), নট বিলাবল (৩), পট বেহাগ (৯), কামোদ নাট (৩), কেদার নাট (১), নট বিহাগড়া (২), নট বেহাগ (১), সাওয়নী (বেহাগ অঙ্গ) (১), মলুহা কেদার (১), মলুহা, (৬), জলধর (১), জলধর কেদার (১), দুর্গা (৫), ছায়া (১), ছায়া তিলক (১), গুণকেলি (২), পহাড়ী (২), মীড় (১), মেবাড়া (১), পট মঞ্জরী (৫), হংসধ্বনি (১), দীপক (১)।

খমাজ ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)।। রাগ ঝিঁঝোটি (স্বরলিপিসহ গানের সংখ্যা ১০), খম্বাবতী (৫), তিলংগ (৬), দুর্গা (২), রাগেশ্বরী (২), গারা (৯), সোরট (১০), নারায়ণী (২)। এই খণ্ডের অন্তর্ভুক্ত পঁয়তাল্লিশটি রাগের স্বর-বিস্তার ও ১৮৬টি গানের বাণী।

□ একাদশ খণ্ড □

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ আধুনিক অথবা লক্ষ্য-সংগীত। ইউরোপীয় সপ্তক। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতির সাধারণ নিয়মাবলী। রাগ বিষয়ে কিছু উপযুক্ত কথা। হিন্দুস্থানী সংগীত-পদ্ধতির ঠাট সংখ্যা। রাগসমূহকে প্রাতঃ এবং সায়ংকালে স্থাপনের নিয়মাবলী। সন্ধিপ্রকাশ রাগ। প্রাতঃ ও সায়ংকালীন রাগের সম্বন্ধ। কল্পদ্রুম রচয়িতা কর্তৃক হিন্দুস্থানী রাগসমূহের সময় রচনা।

রাগের ঔজ্জ্বল্য বৃদ্ধি করার নিয়ম। রাগবিস্তার করবার নিয়মাবলী। সমপ্রাকৃত রাগ উচ্চারণ করবার নিয়মাবলী। মন্দ্র গায়ন। স্বরলিপি এবং তার উপযোগিতা। অন্তর মার্গ। আদত, জিগর ও হিসাব। গীত রচনা।

ভৈরব ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ বঙ্গাল ভৈরব (স্বরলিপিসহ গানের সংখ্যা ১), আনন্দ ভৈরব (১), সৌরাষ্ট্র ভৈরব (২), সৌরাষ্ট্র টংক (৪), অহীর ভৈরব (৩), শিবভৈরব বা শিবমতভৈরব (১), প্রভাত ভৈরব বা প্রভাত (১), ললিত পঞ্চম (৬), মেঘরঞ্জনী (১), গুণকরী বা গুণক্রী (২), জোগিয়া (৬), বিভাস (১০), ঝীলফ্ (২), গৌরী (৩), জঙ্গুলা (১)।

পূর্বী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ গৌরী (স্বরলিপিসহ গানের সংখ্যা ৮), ত্রিবেণী (৬), টংকী বা শ্রীটংক (৩), মালবী (১), রেবা (১), জেতশ্রী (৯), দীপক (১), হংসনারায়ণী (১), মনোহর (১)।

মারবা ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ পূর্ব্যা বা পূরবা (স্বরলিপিসহ গানের সংখ্যা ২), পূর্ব কল্যাণ (১), মালী গৌরা (৭), জৈত বা জেত (৩), বরাটী বা বরারী (৩), বিভাস (৬), পঞ্চম (৫), ভটিহার বা ভটিয়ারী (৪), ভঙ্খার (৩), সাজগিরী (২), ললিতা গৌরী (১)।

কাফী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ)॥ রাগ সৈন্ধবী (সিন্দুরা) (স্বরলিপিসহ গানের সংখ্যা ১০), সিন্ধ (১), বরবা (৭), পঞ্জাবী বরবা (১), ধনাশ্রী (৩), ধানী (১), প্রদীপকী (২), হংসকঙ্কণী (৩), পলাসী (১), মধ্যমাদিসারঙ্গ (৭), শুদ্ধ সারঙ্গ (২), বড়হংস সারঙ্গ (৫), সামন্ত সারঙ্গ (১), মিয়াঁ কী সারঙ্গ (৪), লঙ্কদহন সারঙ্গ (১), পট মঞ্জরী (২), সুহা (১০), সুঘরাঈ (১৩)। এই খণ্ডের অন্তর্ভুক্ত রাগসমূহের স্বরবিস্তার ও ১৮৭টি গানের বাণী।

☐ দ্বাদশ খণ্ড ☐

চিহ্ন ও তাল পরিচিতি।

শাস্ত্রীয় পরিচয়ঃ বিষয় প্রবেশ। প্রাচীন এবং মধ্যযুগ থেকে বর্তমানকাল পর্যন্ত সংগীতের ক্রমবিবর্তন। গত দুই শতকের প্রাকৃত এবং উর্দু সংগীত গ্রন্থ। মধ্যযুগের রাগসমূহের বর্গীকরণ পদ্ধতি। বর্তমান যুগের শ্রুতিস্বর-বাদ। রাগের ব্যাখ্যাকালে 'স্বর' ও 'বর্ণ' শব্দের ব্যুৎপত্তি ও তাৎপর্য। জাতি ও নিবদ্ধ গান। রাগালাপ। বাদী-সম্বাদী। রাগ-গায়নের অর্থ ও পদ্ধতি। কণ্ঠস্বর (আওয়াজ) অভ্যাস বা তানালাপ। সাধারণ শ্রোতাদের উপর রাগবহুল সংগীতের প্রভাব। পছন্দ অপছন্দ এবং তার পরিণাম। সংগীতের উপর কথার (গান) প্রভাব। সংগীতের মারাঠিকরণ। অভিরুচি। সংগীত সম্মেলনের উপর বর্তমান পরিস্থিতির প্রভাব। সংগীত শিক্ষার্থীদের প্রগতি।

রাগ ও রস। রাগ আলাপে সাংসারিক জীবনের সঠিক প্রতিফলন। সংগীত-জীবীদের বিভাগ। বাগ্‌গেয়কার। কলাবন্ত। সংগীত শিক্ষক। সংগীত শাস্ত্রকার। কণ্ঠস্বরের তারতম্য অনুযায়ী সংগীত শিক্ষার্থীদের বিভাজন। সংগীত সংস্থা।

কাফী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ॥ রাগ সুহা-সুঘরাঈ (স্বরলিপিসহ গানের সংখ্যা ১), শহানা (৫), নায়কী কান্‌হাড়া (১০), দেশাখ্য (দেবশাখ) (৪), কৌশিক কান্‌হাড়া (কৌঁসী) (৩), মেঘমল্লার (১১), সুরমল্লার (৯), রামদাসী মল্লার (৩), নট মল্লার (১), মীরা বাঈকী মল্লার (১), চরজু কী মল্লার (১), চণ্ডসম মল্লার (১), ধুলিয়া মল্লার (১), রূপমঞ্জরী মল্লার (১), শ্রীরঞ্জনী (১), আভোগী (৩), চন্দ্রকোঁস (১), গৌড় (১), মালগুঞ্জ (১)।

আশাবরী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ॥ রাগ দেশী (স্বরলিপিসহ গানের সংখ্যা ১৫), কোমল দেসী (১), গান্ধারী (৮), দেব গান্ধার (৩), খট (১২), খট তোড়ী (১), ঝিলফ (৩), গোপিকা বসন্ত (৩), সিন্ধ ভৈরবী (২)।

ভৈরবী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ॥ রাগ বিলাসখানী তোড়ী (স্বরলিপিসহ গানের সংখ্যা ৫), মোটকী (১), ভূপাল তোড়ী (১), উত্তরী গুণকলী (১), বসন্ত মুখারী (১)।

তোড়ী ঠাট (অপ্রসিদ্ধ রাগসমূহ) ॥ রাগ গুর্জরী তোড়ী (গানসংখ্যা ১), লাচারী তোড়ী (২), লছমী তোড়ী (৩), বহাদুরী তোড়ী (১), অঞ্জনী তোড়ী (১)। এই খণ্ডের অন্তর্ভুক্ত রাগসমূহের স্বরবিস্তার ও ১২৪টি গানের বাণী।

শিক্ষকদের প্রতি

১। যে-কোন স্বরকে ষড়্‌জ (সা) ধরে নিয়ে শিক্ষার্থীদের ঐ স্বরের সঙ্গে মিলিয়ে অভ্যাস করানো দরকার। শিক্ষকদের উচিত নিজে ষড়্‌জ স্বরকে স্পষ্ট, গভীর ও মধুর গলায় উচ্চারণ করে দেখানো এবং শিক্ষার্থীদের প্রতিদিন বারবার উচ্চারণ করানো।

২। কোন শিক্ষার্থী যেন শিক্ষকের সঙ্গে না গায়, সেদিকে খেয়াল রাখা উচিত। প্রথমে শিক্ষক নিজে গেয়ে শোনাবেন, তারপর শিক্ষার্থীরা সেইভাবে গাইবে।

৩। কোন শিক্ষার্থী যেন গলা চেপে না গায়, সেদিকেও মনোযোগ দেওয়া দরকার।

৪। একসঙ্গে তিনজনের বেশি শিক্ষার্থীকে গান গাওয়ানো উচিত নয়।

৫। স্বরজ্ঞান শেখানোর জন্য প্রথম থেকেই ব্ল্যাকবোর্ড ব্যবহার করুন। ব্ল্যাকবোর্ডে স্বরপঙক্তি লিখে শিক্ষার্থীদের দিয়ে তা পড়ান।

৬। শিক্ষার্থীদের দ্বারা উচ্চারিত স্বর-স্থান, শ্বাসক্রিয়ার (দম) দিকে নজর দিতে হবে। তারা ক্লান্ত হয়ে পড়ছে কিনা, তা-ও দেখা দরকার।

৭। সরগম শুরু করানোর আগে দেখে নেওয়া দরকার শিক্ষার্থীদের স্বরজ্ঞান ভালোমতো তৈরি হয়েছে কিনা। কারণ, সরগমের জ্ঞান তৈরি হলে রাগজ্ঞান গড়ে উঠতে থাকে। কাজেই স্বরজ্ঞান সুদৃঢ় করে তোলা দরকার।

৮। স্বর শেখানোর আগেই তাল এবং মাত্রার ব্যাপারে শিক্ষা দেওয়া দরকার, কারণ সরগম শেখার জন্য তাল ও মাত্রা সম্বন্ধে স্বচ্ছ ধারণা থাকা একান্তই জরুরি।

৯। গানের কথা শেখানোর আগে ঐ কথাগুলির উপরে লিখিত স্বরসমূহ অলংকারসহ বলার অভ্যাস করাতে হবে শিক্ষার্থীদের।

১০। শুদ্ধস্বরের পাঠগুলি পড়া এবং বলা ভালোভাবে রপ্ত হয়ে যাওয়ার পর বিকৃত স্বরগুলির দিকে মনোযোগ দিতে হবে। বিকৃত স্বরগুলির স্থান শুদ্ধস্বরের অর্ধান্তরে হয়ে থাকে, তাই এগুলি বোঝানোর সময় 'গম' এবং 'নির্সা' এই স্বরগুলিকে কাজে লাগান। যেমন, 'র্মপ' এই স্বরগুলির মধ্যে মধ্যে 'নির্সা' উচ্চারণ করান। বিকৃত স্বর ঠিক কখন এবং কীভাবে শেখানো হবে, তা নির্ভর করে শিক্ষকের বিবেচনা ও যোগ্যতার ওপর।

শিক্ষার্থীদের প্রতি

এই পুস্তকমালায় যে-সব সুললিত প্রাচীন গানসমূহ স্বরলিপিসহ দেওয়া হয়েছে, সেগুলি পুরনো আমলের অমর সঙ্গীতজ্ঞ ও প্রসিদ্ধ কলাকারদের থেকে প্রাপ্ত বহুখ্যাত কালোত্তীর্ণ মনোরঞ্জক গান। এইসব গানগুলিকে 'নায়কী' নামে অভিহিত করা হয়। পণ্ডিত ভাতখণ্ডেজী সারা ভারতবর্ষ পরিভ্রমণ করে এইসব প্রাচীন গান যথাসম্ভব অবিকৃতভাবে কলাকারদের কাছ থেকে বহু পরিশ্রমে অতি যত্নের সাথে সংগ্রহ করতে সমর্থ হয়েছিলেন এবং উত্তর-কালের শিক্ষার্থীদের হিন্দুস্থানী সঙ্গীতের এই অনন্য রত্নসমূহের সঙ্গে পরিচিত ও শিক্ষিত করার মানসে তাঁর এই ক্রমিক পুস্তকমালায় স্বরলিপিসহ গ্রথিত করেছিলেন। তাঁর উদ্দেশ্য ছিল যাতে শিক্ষার্থীরা সহজেই ঐ-সকল খানদানি গান সঠিকভাবে রপ্ত করতে সমর্থ হয় এবং অধ্যয়ন ও অভ্যাস দ্বারা ক্রমশ শাস্ত্রে যথেষ্ট পারদর্শিতা অর্জন করার পর তারা যাতে এইসমস্ত গান নিজেদের সঙ্গীতজ্ঞান-বোধ দ্বারা তান ও আলাপে সজ্জিত করে নিজস্ব গায়কীরূপে উপস্থাপিত করতে পারে।

'নায়কী' ও 'গায়কী' এই শব্দ দুটির অর্থ কিছুটা স্পষ্টভাবে শিক্ষার্থীদের কাছে বিশ্লেষণ করার প্রয়োজন আছে বলে মনে করছি। প্রাচীনকালের প্রসিদ্ধ সঙ্গীতজ্ঞ গায়ক-কলাকারদের 'নায়ক' বলে অভিহিত করা হয়ে থাকে। এঁদের গাওয়া সুমধুর ও মহত্ত্বপূর্ণ গানগুলি এঁদের বংশ এবং শিষ্যপরম্পরায় পাওয়া গেছে। এইসব গানের প্রাপ্তরূপে এবং গায়কী ঢংকেই 'নায়কী' বলে অভিহিত করা হয়, অর্থাৎ গুরুশিষ্য পরম্পরায় প্রাপ্ত রাগরূপসহ কোন গানের অপরিবর্তিত স্থায়ী অন্তরা সহ সেই পুরনোভাবে গাওয়া রূপকে 'নায়কী' বলা হয়ে থাকে। আর ঐ-সব মূল গানগুলিকে তান, আলাপ ও বোলতান ইত্যাদি সহ অলংকৃত করে নতুনরূপে গাওয়াকে 'গায়কী' বলা হয়ে থাকে। এ বিষয়ে প্রত্যেক শিক্ষার্থীর সম্যক ধারণা থাকা আবশ্যক।

এই হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি গ্রন্থমালায় আচার্য পণ্ডিত ভাতখণ্ডেজী আসমুদ্র-হিমাচল পরিভ্রমণ করে ভারতবর্ষের সঙ্গীতবারিধি থেকে মণিমুক্তা-স্বরূপ প্রসিদ্ধ সুললিত গানগুলিকে তাদের 'নায়কী'-রূপে সংগ্রহ করে গ্রথিত করেছিলেন। কিন্তু শিক্ষার্থীদের এইসব গানগুলিকে তান, আলাপ, বোলতান-সহ ধ্রুপদ, ধামারের দুগুণ চৌগুণ শেখানোর প্রয়োজনীয়তা বর্তমানে আবশ্যক বলে ভারতের সমস্ত প্রাচীন সঙ্গীতকেন্দ্রগুলি চিন্তাভাবনা করছেন। আমাদের বাংলাদেশেও এইভাবে শিক্ষাদানের প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করছি। আমাদের প্রকাশনার তরফ থেকে বিশেষজ্ঞ সঙ্গীতজ্ঞদের মতানুসারে আমরাও এই বিষয়ে শিক্ষার্থীদের সুবিধার্থে প্রাঞ্জল পুস্তকাদি প্রণয়ন ও প্রকাশ করতে উদ্যোগী হয়েছি। আশা করছি আগামীতে শিক্ষার্থী সঙ্গীতানুরাগীদের এ বিষয়ের প্রয়োজন আমরা মেটাতে পারব।

গানের বাণী প্রসঙ্গে

এই গ্রন্থে প্রদত্ত গানগুলির অধিকাংশই হিন্দি অথবা তার সমগোত্রীয় (অর্থাৎ ব্রজবুলী, মৈথিলী, ভোজপুরী ও পাঞ্জাবী ইত্যাদি) ভাষায় রচিত, অবশ্য সেই সঙ্গে কয়েকটি উর্দু ও ফারসী ভাষার গানও আছে। লিপিগত ও উচ্চারণগত বৈশিষ্ট্য থাকার কারণে এ গানগুলি বাংলা ভাষা থেকে যথেষ্ট পৃথক। অথচ এই গ্রন্থটি আনুপূর্বিক বাংলা ভাষাতেই লিপিবদ্ধ এবং ভাষা অপরিবর্তিত রেখে শুধুমাত্র গানগুলি বাংলা অক্ষরে পরিবর্তিত করা হয়েছে।

সেই হেতু শিক্ষার্থীদের সুবিধার্থে এই গ্রন্থের গানগুলিতে ব্যবহৃত বিশেষ কয়েকটি অক্ষরের আকার ও উচ্চারণগত তারতম্যের তুলনামূলক একটি তালিকা নীচে দেওয়া হল। যথা—

লিখিত আছে	উচ্চারিত হবে
ৰ	ব
ব	ওয়
জ	জ
য	ইয়

এছাড়া হিন্দিতে ঙ ঞ ণ ন, র ড় ঢ় এবং শ ষ স প্রভৃতি অক্ষরগুলির উচ্চারণ এক বিশেষ আঙ্গিকে করা হয়ে থাকে। আবার ক্ষেত্র বিশেষে কোন অক্ষরের মাথায় শুধুমাত্র একটি (˙) এরকম বিন্দু চিহ্নের দ্বারা পরবর্তী ং ঁ ঙ ঞ ণ্ ন্ ম্ প্রভৃতি শব্দগুলিকে বোঝানো হয়।

সাধারণত বাংলায় যে-কোন ব্যঞ্জনবর্ণের উচ্চারণ অ-কারান্ত হলেও হিন্দিতে এগুলির উচ্চারণে হলন্ত অথবা কিছুটা আ-কার ও য-ফলার মাঝামাঝি একটা ভাব এসে পড়ে।

আবার অনেক সময় আঞ্চলিক বা গ্রাম্য (ঠেঠ) হিন্দিতে ঋ স্থানে রু, ন স্থানে ল, ল স্থানে র, ষ স্থানে খ এবং ক্ষ স্থানে কষ অথবা চ্ছ ইত্যাদি আরও নানা প্রকারে উচ্চারিত হয়ে থাকে। অন্যান্য উত্তর ভারতীয় ভাষার সঙ্গে উর্দু ভাষার লিপিগত যথেষ্ট পার্থক্য থাকলেও উচ্চারণের দিক দিয়ে হিন্দি ভাষার সঙ্গে এর বহুলাংশে সামঞ্জস্য দেখা যায়, কিন্তু বাংলার সঙ্গে এর যথেষ্ট তফাৎ আছে।

অতএব শিক্ষার্থীরা যদি শুরু থেকেই এইসব গান অভ্যাস করার সময় হিন্দি ও তার আনুষঙ্গিক ভিন্ন ভিন্ন ভাষাগুলির উচ্চারণগত তারতম্যের প্রতি সাবধান ও যত্নবান হয়ে অভ্যাস করেন, তাহলে পরিণামে ফল শুভই হবে বলে সম্পাদকদ্বয় আশা করেন।

অনুক্রমণিকা

প্রকাশিত অন্যান্য সঙ্গীত বিষয়ক গ্রন্থ

□ ভারতীয় উচ্চাঙ্গ সঙ্গীত □

ডঃ উৎপলা গোস্বামী, ডিন, সঙ্গীত বিভাগ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়

ভারতীয় সংগীতের ইতিহাস ও তত্ত্ব সম্পর্কে বিশদভাবে আলোচিত একটি আকর গ্রন্থ।

□ ঠুম্‌রী লহরী □

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(তিন খণ্ডে)

বিভিন্ন রাগে তিন শতাধিক ঠুম্‌রী স্বরলিপি ও গানের ভাবার্থসহ এই গ্রন্থমালায় গ্রথিত হয়েছে। ইতিহাস ও শাস্ত্রীয় পরিচয়সহ ঠুম্‌রীর বিভিন্ন ঘরাণায় গায়কী এবং বিস্তারের ক্রিয়াত্মক কৌশল ক্রমানুসারে তিন খণ্ডে বিস্তারিত আলোচিত হয়েছে ও প্রত্যেক খণ্ডের পরিশেষে গানগুলির একটি রাগানুযায়ী সূচি সংযোজিত করা হয়েছে।

□ রাগ-তন্ত্র মালা □

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(পাঁচ খণ্ডে)

সহস্রাধিক রাগের বিস্তারিত শাস্ত্রীয় পরিচয়সহ নানান মতান্তরে ঐ-সব রাগের পরিচয়, আরোহ, অবরোহ, পকড় ও চলন ইত্যাদিসহ পাঁচ খণ্ডে এটি রাগসংক্রান্ত একটি বিশাল কোষগ্রন্থ। ইতিপূর্বে ভারতীয় কোন ভাষায় এরূপ রাগকোষ গ্রন্থ প্রকাশিত হয় নি।

□ গজল-এ-গুলিস্তাঁ □

পণ্ডিত নন্দগোপাল বিশ্বাস

(তিন খণ্ডে)

ভারতবর্ষের বিশিষ্ট কবি ও গায়কগণের প্রায় ২২৫টি গজল গানের বাণী স্বরলিপি ও ভাবার্থসহ তিন খণ্ডে বিন্যস্ত করা হয়েছে। গজলের ইতিহাস, গায়নের তত্ত্বগত ও ক্রিয়াত্মক বিষয়সমূহের বিস্তারিত আলোচনাসহ এটি একটি অনন্য গ্রন্থ।

ব্যবহৃত স্বরচিহ্ন পরিচিতি

রে, গ, ধ, নি—এই স্বরগুলির নিচে '—' এরকম আড়াআড়ি রেখা থাকলে কোমল স্বর আর না থাকলে শুদ্ধ স্বর বলে বুঝতে হবে।

ম—এই স্বরটিকে শুদ্ধ মধ্যম তথা কোমল বলে বুঝতে হবে।

ম৴—এই প্রকার স্বরকে তীব্র মধ্যম বলে বুঝতে হবে।

. যে স্বরের নিচে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি মন্দ্র-সপ্তকের এবং যে স্বরের ওপরে এরকম বিন্দু দেওয়া আছে, সেই স্বরটি তার-সপ্তকের অন্তর্গত বলে বুঝতে হবে।

____, ‿ এই চিহ্নের মধ্যস্থ স্বরগুলিকে এক মাত্রা কালে গাইতে বা বাজাতে হবে।

‐‐‐‐, ⁀ এই চিহ্নের সাহায্যে কোন্ স্বর থেকে কোন্ স্বর পর্যন্ত মীড় আছে, তা বোঝানো হয়েছে।

- যে স্বরের আগে এই চিহ্ন আছে, সেই স্বরকে একমাত্রা বাড়িয়ে গাইতে হবে। এরকম চিহ্ন না থাকলে ঐ সময়টুকুকে বিশ্রাম বলে বুঝতে হবে।

ऽ গানের কথার মধ্যে যেখানে এরকম অবগ্রহ-চিহ্ন দেওয়া আছে, সেখানে গানের অক্ষরের অন্তিম স্বরটিকে (অ-কার উ-কার ইত্যাদি) একমাত্রা কাল বাড়াতে হবে। যেমন দাऽ = দাআ।

( ) এরকম বন্ধনী চিহ্নের মধ্যে লিখিত স্বরগুলির পরের স্বর, বন্ধনীভুক্ত স্বরটি, তার আগের স্বর এবং আবার ঐ স্বরটি—এই চারটি স্বরকে একমাত্রায় গাইতে হবে। যেমন (প) = ধপমপ, (ম) = পমগম, সা = রেসানিসা।

কোথাও কোথাও স্বরের উপরে কিছু স্বর দেওয়া হয়েছে। এগুলিকে স্পর্শ স্বর বা আলঙ্কারিক স্বর (Grace Note) বলা হয়। এই সূক্ষ্ম স্পর্শ স্বরগুলি নতুন শিক্ষার্থীরা ঠিকমতো ফুটিয়ে তুলতে না পারলেও তার জন্য রাগের কোন হানি ঘটবে না। কিন্তু এগুলিকে ঠিকমতো ফুটিয়ে তুলতে পারলে গান অনেক মনোহর হয়ে উঠবে।

× এই চিহ্নের সাহায্যে তালের 'সম' দেখানো হয়েছে। 'সম'-কে প্রথম তাল ধরে নিয়ে শেষ তালটিকেও এক আবর্তনের পর ঐ জায়গাতেই ফিরিয়ে আনতে হবে।

০ এই চিহ্ন দ্বারা তালের খালি জায়গা বোঝানো হয়েছে। অর্থাৎ ঐ জায়গায় কোন তাল থাকবে না।

তাল পরিচিতি

(মাত্রা নিয়ম ও বোল)

দাদরা তাল ॥ ছয় মাত্রা ॥ তবলা

মাত্রা ॥	১	২	৩ ॥ ৪	৫	৬
ঠেকা ॥	ধীন্	ধীন্	ধা ॥ ধা	তী	না
ঠেকা ॥	ধীন্	তীন্	ধা ॥ ধা	তী	না
॥	×		॥ ২		

তীব্রা তাল ॥ সাত মাত্রা

মাত্রা ॥	১	২	৩ ॥	৪	৫ ॥	৬	৭
থপিয়া ॥	ধা	দীন্	তা ॥	তিট	কত ॥	গদি	গন (পাখোয়াজ)
॥	×		॥	২	॥	০	

ঝাঁপতাল ॥ দশ মাত্রা

মাত্রা ॥	১	২ ॥	৩	৪	৫ ॥	৬	৭ ॥	৮	৯	১০
থপিয়া ॥	ধা	ऽ ॥	ধা	গী	কী ॥	ট	কড ॥	ধা	কী	ট (পাখোয়াজ)
ঠেকা ॥	ধী	না ॥	ধী	ধী	না ॥	তী	না ॥	ধী	ধী	না (তবলা)
॥	১	॥	২		॥	০	॥	৩		

একতাল ॥ বারো মাত্রা । তবলা

মাত্রা ॥	১	২ ॥	৩	৪ ॥	৫	৬ ॥	৭	৮ ॥	৯	১০ ॥	১১	১২
ঠেকা ॥	ধীন্	ধীন্ ॥	ধাগি	তৃক্ ॥	তুন্	না ॥	ক	ত্তা ॥	ধীন্	তৃক্ ॥	ধীন্	না
॥	×	॥	০	॥	২	॥	০	॥	৩	॥	৪	

ত্রিতাল (পাঞ্জাবী) ॥ ষোল মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ৪ ॥ ৫ ৬ ৭ ৮
ঠেকা ॥ ধা ধীন্ ধীন্ ধা ॥ ধা ধীন্ ধীন্ ধা
॥ X ॥ ২

॥ ৯ ১০ ১১ ১২ ॥ ১৩ ১৪ ১৫ ১৬
॥ ধা তীন্ তীন্ তা ॥ তা ধীন্ ধীন্ ধা
॥ ০ ॥ ৩

রূপক তাল ॥ সাত মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ॥ ৬ ৭
ঠেকা ॥ ধিন্ ধা তৃক্ ॥ ধীন্ ধীন্ ॥ ধা তৃক্
X ॥ ২ ॥ ৩

সুলতাল ॥ দশ মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০
থপিয়া ॥ ধা ধা ॥ দিন্ তা ॥ কিট ধা ॥ তিট কত ॥ গদি গন
॥ X ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ০

চৌতাল ॥ বারো মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮
থপিয়া ॥ ধা ধা ॥ দীন্ তা ॥ কিট ধা ॥ দীন্ তা
॥ X ॥ ০ ॥ ২ ॥ ০

৯ ১০ ॥ ১১ ১২
তিট কত ॥ গদি গন
৩ ॥ ৪

আড়াচৌতাল ॥ চৌদ্দ মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০
ঠেকা ॥ ধীন্‌ তিরকিট ॥ ধীন্‌ না ॥ তুন্‌ না ॥ ক ত্তা ॥ তিরকিড় ধী
॥ × ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ০

১১ ১২ ॥ ১৩ ১৪
না ধী ॥ ধী না
৪ ॥ ০

ঝুম্‌রা ॥ চৌদ্দ মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ৬ ৭ ॥ ৮ ৯ ১০
ঠেকা ॥ ধীন্‌ ঽধা তৃক্‌ ॥ ধীন্‌ ধীন্‌ ধাগি তৃক্‌ ॥ তীন্‌ ঽতা, তৃক্‌
ঠেকা ॥ ধীন্‌ ধীন্‌ নক ॥ ধীন্‌ ধীন্‌ ধাগি তৃক্‌ ॥ তীন্‌ তীন্‌ নক
× ॥ ২ ॥ ০

১১ ১২ ১৩ ১৪
ধীন্‌ ধীন্‌ ধাগি তৃক্‌
ধীন্‌ ধীন্‌ ধাগি তৃক্‌
৩

ধমার তাল ॥ চৌদ্দ মাত্রা ॥ পাখোয়াজ

মাত্রা ॥ ১ ২ ৩ ৪ ৫ ॥ ৬ ৭ ॥ ৮ ৯ ১০ ॥ ১১ ১২ ১৩ ১৪
থপিয়া ॥ ক ধ্‌ধি ট ধি ট ॥ ধা ঽ ॥ গ তি ট ॥ তি ট তা ঽ
॥ × ॥ ২ ॥ ০ ॥ ৩

দীপচন্দী তাল ॥ চৌদ্দ মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ॥ ৪ ৫ ৬ ৭ ॥ ৮ ৯ ১০ ॥ ১১ ১২ ১৩ ১৪
ঠেকা ॥ ধীন্ ধীন্ ঽ ॥ ধা গ তীন্ ঽ ॥ তা তীন্ ঽ ॥ ধা গ ধীন্ ঽ

X ॥ ২ ॥ ০ ॥ ৩

তিলওয়াড়া তাল ॥ ষোল মাত্রা ॥ তবলা

মাত্রা ॥ ১ ২ ৩ ৪ ॥ ৫ ৬ ৭ ৮ ॥ ৯ ১০ ১১ ১২
ঠেকা ॥ ধা তৃক্ তীন্ তীন্ ॥ ধা ধা তীন্ তীন্ ॥ তা তৃক্ ধীন্ ধীন্

X ॥ ২ ॥ ০

১৩ ১৪ ১৫ ১৬
ধা ধা ধীন্ ধীন্

৩

ব্রহ্মতাল ॥ আঠাশ মাত্রা

১ ২ ॥ ৩ ৪ ॥ ৫ ৬ ॥ ৭ ৮ ॥ ৯ ১০
ধা তেৎ ॥ ধেৎ কিট্ ॥ তক্ ধুম্ ॥ কিট্ তক্ ॥ ধেৎ তা

X ॥ ০ ॥ ২ ॥ ৩ ॥ ০

১১ ১২ ॥ ১৩ ১৪ ॥ ১৫ ১৬ ॥ ১৭ ১৮ ॥ ১৯ :
ধেৎ তা ॥ ধাগে তেটে ॥ তাগে তেটে ॥ থুন্ না ॥ কৎ তা

৪ ॥ ৫ ॥ ৬ ॥ ০ ॥ ৭

২১ ২২ ॥ ২৩ ২৪ ॥ ২৫ ২৬ ॥ ২৭ ২৮
দিন্ ত ॥ কেটে তাগ্ ॥ তিট্ কত্ ॥ গদি গন্

৮ ॥ ৯ ॥ ১০ ॥ ১১

পূজ্যপাদ সঙ্গীতাচার্য স্বামী প্রজ্ঞানানন্দ মহারাজ অনুগ্রহপূর্বক তাঁর শত কর্মব্যস্ততার মধ্যেও পণ্ডিত বিষ্ণুনারায়ণ ভাতখণ্ডে প্রণীত 'হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি' পুস্তকমালার এই বঙ্গানূদিত সংস্করণের খণ্ড-গুলির পাণ্ডুলিপি বীক্ষণান্তে সম্পূর্ণ মূলানুগ ও শুদ্ধ-রূপে মুদ্রণ ও বিন্যাসের যে দিকনির্দেশ দিয়েছিলেন এবং পরিকল্পনা অনুযায়ী খণ্ডগুলি প্রকাশনের জন্য যে আশীর্বাণী দিয়েছিলেন, তার জন্য প্রকাশনার পক্ষ থেকে তাঁকে অন্তরের সশ্রদ্ধ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ শাস্ত্রীয় পরিচয় ॥

॥ উত্তর ভারতের গান ॥

উত্তর ভারতের গায়করা যে-সব গান গেয়ে থাকেন সেগুলি হল ধ্রুপদ, খেয়াল, টপ্পা, ঠুংরী, গজল, হোরী, তরানা, চতুরঙ্গ ইত্যাদি। সাঙ্গীতিক বিচারে আমাদের মহারাষ্ট্রীয় সঙ্গীতও উত্তর ভারতীয় গায়ন-রীতিরই অন্তর্গত, তাই এখানকার গায়কেরাও এ-সব গানই গেয়ে থাকেন। এইসব গানের সংক্ষিপ্ত কিছু পরিচয় এখানে দেওয়ার চেষ্টা করছি আমরা।

ধ্রুপদ

ভাবভট্ট তাঁর 'অনুপসঙ্গীতরত্নাকর' গ্রন্থে ধ্রুপদের ব্যাখ্যা করেছেন এই-ভাবে ঃ

গীর্বাণমধ্যদেশীয়ভাষাসাহিত্যরাজিতম্ ।
দ্বিচতুর্বাক্যসম্পন্নং নরনারীকথাশ্রয়ম্ ॥
শৃঙ্গাররসভাবাঢ্যং রাগালাপপদাত্মকম্ ।
পাদান্তানুপ্রাসযুক্তং পাদান্তযুগকং চ বা ॥
প্রতিপাদং যত্র বদ্ধমেবং পাদচতুষ্টয়ম্ ।
উদ্‌গ্রাহধ্রুবকাভোগান্তরং ধ্রুবপদং স্মৃতম্ ॥

ধ্রুপদের উল্লিখিত বর্ণনাটি অত্যন্ত সুন্দর। আজকাল সংস্কৃত ধ্রুপদ উত্তরাঞ্চলে আর প্রায় শোনাই যায় না। কেউ কেউ নতুন রচনা করেও গাইতে পারেন, তাতে কোন বাধা নেই। প্রচারিত ধ্রুপদের বেশির ভাগই হিন্দি, ব্রজভাষা বা উর্দুতে রচিত। হিন্দুস্থানী সঙ্গীত বলে যে গান আজ প্রসিদ্ধ, তার সবই এ-সমস্ত ভাষাতেই লিখিত। ধ্রুপদ গাওয়া কবে থেকে শুরু হয়েছিল তা আজ আর নিশ্চিতভাবে বলা সম্ভব নয়। তবুও, বিগত পাঁচশো বছর ধরে উত্তর ভারতে এ গান যে জনপ্রিয় ছিল, তা মনে করার সঙ্গত ঐতিহাসিক ভিত্তি আছে। সম্রাট আকবরের দরবারে যে-সব প্রসিদ্ধ গায়করা ছিলেন, তাঁরা প্রত্যেকেই ছিলেন ধ্রুপদীয়া—অর্থাৎ ধ্রুপদ গাইতেন। তাঁদের মধ্যে শ্রেষ্ঠ গায়করত্ন তানসেনের কথা বিশেষভাবে উল্লেখযোগ্য। তানসেন ছিলেন বৃন্দাবনবাসী বাবা হরিদাস স্বামী ডাগুর-এর শিষ্য। এই স্বামীজি ছাড়াও নায়ক গোপাল, নায়ক বৈজু, মিঞা তানসেন ও চিন্তামণি মিশ্র প্রভৃতি মহান সঙ্গীতজ্ঞদের ধ্রুপদ আজও সমগ্র উত্তরাঞ্চলে প্রচলিত। তানসেনের বংশধর ওয়াজীর খাঁ ও মহম্মদ

আলী খাঁ আজ রামপুরে ভিন্ন পেশায় নিযুক্ত, কিন্তু নিজেদের ঘরানার অসংখ্য ধ্রুপদ আজও এঁদের স্মরণে আছে।

গত শতাব্দীর প্রথমার্ধ পর্যন্ত ধ্রুপদ অত্যন্ত জনপ্রিয় ছিল এবং আজও এ-রীতি যথেষ্ট শ্রদ্ধা ও আদরণীয় হিসেবেই মর্যাদা পেয়ে থাকে, কিন্তু গত একশো-দেড়শো বছরে খেয়াল গান বেশি জনপ্রিয় হয়ে ওঠার দরুন ধ্রুপদ গায়ন কিছুটা উপেক্ষিত হয়ে পড়েছে। ধ্রুপদ গায়ন পুনরায় প্রসার লাভ করুক এবং খেয়ালও সমান জনপ্রিয় থাক—এটাই লেখকের মনোগত ইচ্ছা।

খেয়ালের থেকে ধ্রুপদ বেশি বিস্তৃত হয়ে থাকে। এর চারটি ভাগ: স্থায়ী, অন্তরা, সঞ্চারী এবং আভোগ। কিছু ধ্রুপদের স্থায়ী ও অন্তরা—এই দুটি ভাগই শুধু থাকে। প্রসিদ্ধ প্রাচীন ধ্রুপদগুলির চারটিই ভাগ থাকত এবং প্রত্যেক ভাগেরই তিনটি বা চারটি করে চরণ থাকত। 'সঙ্গীতকল্পদ্রুম' গ্রন্থটিতে কয়েক হাজার প্রাচীন ধ্রুপদ লিপিবদ্ধ আছে, কিন্তু এগুলি স্বর-তাল-অক্ষরে লিখিত নয় বলে আজ প্রায় লুপ্ত হতে চলেছে। প্রাচীন ঘরানার যে-সব গায়ক এখনও জীবিত আছেন, তাঁদের থেকে কিছু কিছু ধ্রুপদ পাওয়া গেলেও ঐ গায়করা অশিক্ষিত হওয়ার দরুন গানের স্বর ও শব্দগুলি ভ্রষ্ট রূপে পাওয়া যায়। ধ্রুপদ গানকে হিন্দুস্থানে পৌরুষযুক্ত বা দীপ্ত গায়ন বলা হয়। এতে ধীর, শান্ত এবং শৃঙ্গার রসের প্রাধান্য থাকে। এর ভাষাও উচ্চমানের হয়ে থাকে। চৌতাল, সুলফাক, ঝম্পা, তীব্রা, ব্রহ্ম, রুদ্র ইত্যাদি তালে ধ্রুপদ গাওয়া হয়। ধ্রুপদ গায়ককে 'কলাবন্ত' অভিধা দেওয়া হয়ে থাকে। এই কলাবন্তেরা তাঁদের ভিন্ন ভিন্ন বাণী দ্বারা খণ্ডার, নোহার, ডাগুর ও গোরবহার প্রভৃতি শ্রেণীভুক্ত হতেন। এ-সমস্ত বাণীর উৎপত্তি কোথায়, তার নিশ্চিত উত্তর এখন আর পাওয়া যায় না। তবে অনেক পণ্ডিতের মতে প্রাচীনকালে শুদ্ধা, ভিন্না, বেসরা, গৌড়ী, সাধারণী ইত্যাদি যে-সব গান বা গায়কীর বিভিন্ন রীতি প্রচলিত ছিল, তা থেকেই উপরোক্ত বাণীগুলির উৎপত্তি হয়েছে। প্রত্যেক ঘরানার গায়করা নিজেদের পূর্বসূরিদের বাণী নিয়েই গাওয়ার অভ্যাস করতেন। প্রাচীন গানের বর্ণনা 'রত্নাকর'-এ এভাবে দেওয়া হয়েছে:

গীতয়ঃ পঞ্চ শুদ্ধাদ্যা ভিন্না গৌড়ী চ বেসরা।
সাধারণীতি শুদ্ধাস্যাদবক্রললিতৈঃ স্বরৈঃ ॥
ভিন্না সূক্ষ্মৈঃ স্বরৈর্বক্রৈর্মধুরৈর্গমকৈর্যুতা।
গাঢ়ৈস্ত্রিস্থানগমকৈরুহাটীললিতৈঃ স্বরৈঃ ॥
অখণ্ডিতস্থিতিঃ স্থানত্রয়ে গৌড়ী মতা সতাম্।
উহ্যাটী কম্পিতৈর্মন্দ্রৈর্দ্রুততরৈঃ স্বরৈঃ ॥
হকারোকারযোগেন হ্ন্যস্তে চিবুকে ভবেত্।

বেগবদ্ভিঃ স্বরৈর্বর্ণচতুষ্কেঽপ্যতিরঞ্জিতঃ ॥
বেগস্বরা রাগগীতির্বেসরা চোচ্যতে বুধৈঃ ।

বাণীর রহস্য ভালরকম জানেন, এমন গায়ক আজকাল খুবই কম। খেয়াল গান জনপ্রিয় হওয়ার দরুন নতুন-পুরনো যাবতীয় বাণী নামমাত্রই থেকে গেল, এ-রকম বলা অনুচিত হবে না। ধ্রুপদে তানের প্রয়োগ করা হয় না। এতে দুগুণ, বোলতান, গমক ইত্যাদির ব্যবহার করা হয়। রামপুরের তানসেন পরম্পরার গায়কেরা এ-ও বলে থাকেন যে আগে ধ্রুপদে দুগুণ, চৌগুণ, বোল-তান প্রভৃতিকেও নিষিদ্ধ বলে মনে করা হত। এ-সমস্ত কেবল ধামার গানে (অর্থাৎ ধামার তালে নিবদ্ধ 'হোরী' নামক গানে) ব্যবহার করা হত, কিন্তু আজকাল ধ্রুপদেও দুগুণ, চৌগুণ ও বোলতানের ব্যবহার চোখে পড়ে।

খেয়াল

'খেয়াল' শব্দটি ফারসি ভাষা থেকে এসেছে। এর অর্থ কল্পনা। কেউ কেউ এর অর্থ 'স্বেচ্ছাচার'-ও বলে থাকেন। আগে সভ্য সমাজে খেয়ালের স্থান সম্মানীয় ছিল না। বড় বড় গুণীরা সভ্য সমাজে ধ্রুপদই গাইতেন। বলা হয় যে, খেয়াল গানকে প্রথম সম্মানিত ও জনপ্রিয় করেন জৌনপুরের সুলতান হুসেন শর্কী। মুঘল বাদশাহ মুহম্মদ শাহের (ইং সন ১৭১৯-৫০) কাছে সদারঙ্গ ও অদারঙ্গ নামে যে দুজন গুণী ছিলেন, তাঁরা কয়েক হাজার খেয়াল রচনা করে নিজেদের শিষ্যদের শিখিয়েছিলেন। ঐ-সব খেয়াল আজ হিন্দুস্থানের সর্বত্রই গাওয়া হয়। কিন্তু ভাবতে অবাক লাগে যে তাঁরা তাঁদের বংশধরদের একজনকেও এ-সব গান শেখান নি বা তাঁদের গাইতেও দেন নি। রামপুরের ওয়াজীর খাঁ সদারঙ্গেরই (সদারঙ্গের আসল নাম ছিল নিয়ামত খাঁ) বংশধর ছিলেন। তিনি খেয়াল না গেয়ে সর্বদা ধ্রুপদই গাইতেন। রামপুরে তানসেন ঘরানার দ্বিতীয় প্রতিনিধি মোহম্মদ আলি খাঁ-ও ধ্রুপদই গাইতেন। গত এক-দেড়শো বছরে খেয়াল গানের যে প্রসার হয়েছে, তা সদারঙ্গ-অদারঙ্গের শিষ্য-পরম্পরারই কৃতিত্ব বলে মনে করা হয়। গোয়ালিয়রের হদ্দু খাঁ, হস্সু খাঁ, নথ্থু খাঁ, বা এঁদের পূর্বজ নত্থন পীরবক্সও গুরু-পরম্পরায় সদারঙ্গ-অদারঙ্গেরই উত্তরসূরি। সদারঙ্গ-অদারঙ্গ ছাড়া আরও অনেক খেয়াল-গায়কই বিগত দুশো-তিনশো বছরে সামনে এসেছেন এবং তাঁদের খেয়ালগানগুলিও যথেষ্ট প্রসিদ্ধ।

কব্বাল বাণীর খেয়ালিয়ারা তাঁদের পরম্পরায় হজরৎ আমীর খুসরুর উত্তরাধিকারী। আজকাল যে দ্রুত লয়ের খেয়াল বেশি প্রচলিত, তার বেশির

ভাগই কব্বালেরা সমাজে জনপ্রিয় করেছেন, এ-রকমই মনে করা হয়। স্বরলিপির অভাবে প্রাচীন ধ্রুপদে যেমন অল্পবিস্তর অসুবিধা হয়েছে, তেমন অসুবিধা খেয়ালেও হয়েছে বলে দেখা যায়। আজ আমাদের সমাজে খেয়াল ও ধ্রুপদ গানকেই উচ্চ পর্যায়ের গান বলে মনে করা হয়। খেয়ালে শৃঙ্গার রসের প্রয়োগই বেশি। ধ্রুপদের গাম্ভীর্য, শব্দ-বৈচিত্র্য ও শুদ্ধতা এতে কম। খেয়ালে স্থায়ী ও অন্তরা—এই দুটি ভাগই বেশি দেখা যায়। খেয়াল-গায়করা ঢিমা (ত্রিতাল), তিলুয়াড়া (বিলম্বিত ত্রিতাল), একতাল, ঝুমরা, আড়া চারতাল—এই সমস্ত তালের প্রয়োগ করে থাকেন। প্রচলিত প্রসিদ্ধ বারোটি তালের মাত্রা, তার তাল বা বোল এই ক্রমিক পুস্তকমালার প্রতিটি খণ্ডেই দেওয়া হয়েছে। খেয়ালে দ্রুত তান, গিটকিরী ইত্যাদির চলন আছে এবং এগুলি গানের সৌন্দর্যকেও বাড়িয়ে তোলে।

টপ্পা

'টপ্পা' হিন্দি শব্দ। খেয়াল ও ধ্রুপদের থেকে টপ্পা আরো সংক্ষিপ্ত হয় অর্থাৎ এই গানে শব্দ-সংখ্যা কম! টপ্পায় স্থায়ী ও অন্তরা—এই দুটিই ভাগ বা তুক থাকে। খেয়ালিয়ারা যে-সব তাল ব্যবহার করেন, সেইসব তালই টপ্পা গায়কেরাও ব্যবহার করে থাকেন। টপ্পা আয়তনে ছোট, এতে সর্বদাই শৃঙ্গার রসের প্রয়োগ থাকে। সমস্ত রাগেই টপ্পা গাওয়া যায় না। টপ্পায় প্রধানত কাফী, ঝিঁঝোটী, পিলু, বরোয়া, খাঁঝ, ভৈরবী, খমাজ প্রভৃতি রাগেরই চলন দেখা যায়। এ-সব রাগে আমাদের গায়কেরা ধ্রুপদ কদাচিৎ গেয়ে থাকেন। সভ্য সমাজে টপ্পা গাওয়া চালু করেন শোরী মিঞা। টপ্পায় প্রায়ই পাঞ্জাবি শব্দ পাওয়া যায় বলে এর জন্মস্থান পাঞ্জাব বলে মনে করা হয়। টপ্পার গায়কী খেয়াল ও ধ্রুপদের গায়কীর থেকে একেবারেই আলাদা। টপ্পার তান ছোট ছোট টুকরোয় তৈরি করা হয়। এর গতিও খুব দ্রুত। প্রাচীন 'বেসরা' গান থেকে এই গায়ন-রীতির জন্ম—এমন অনুমান কোন কোন পণ্ডিত করে থাকেন। ধ্রুপদ, খেয়াল ও টপ্পা—এইসব গানের গায়কদের ঘরানা প্রথমে আলাদা আলাদা হত, কারণ এই তিন রকম গানের জন্য আলাদাভাবে গলা তৈরি করতে হত। গাম্ভীর্যপূর্ণ গানের গায়কদের পক্ষে ছোট ছোট লঘু ধরনের গান গাওয়া যে কঠিন, তা প্রত্যেকেই মেনে নেবেন। কিন্তু আজকাল আমাদের এখানে একজন গায়কই ধ্রুপদ, খেয়াল, টপ্পা, ঠুংরী ও গজল প্রভৃতি যে-কোন গানই গাওয়ার জন্য তৈরি থাকেন।

ঠুংরী

ঠুংরী এক ধরনের ছোট গান। এই গানেরও মুখ্য রস শৃঙ্গার। ঠুংরীর শব্দ-রচনা অত্যন্ত সংক্ষিপ্ত হয়। যে তালে অধিকাংশ ঠুংরী গাওয়া হয়, তাকে 'পাঞ্জাবি' বলা হয়। পাঞ্জাবি তাল ত্রিতালেরই একটি সংস্করণ। ঠুংরীর চলন খুব দ্রুত নয়। যে-সমস্ত রাগে টপ্পা গাওয়া হয়, সেই সমস্ত রাগে ঠুংরীও গাওয়া হয়। উচ্চ পর্যায়ের গায়কেরা ঠুংরীকে নিম্ন পর্যায়ের গান বলে মনে করেন। বড় বড় সভায় প্রসিদ্ধ গায়কেরা ঠুংরী গান না। উত্তর ভারতে সংগীত-ব্যবসায়ী মহিলারা ঠুংরী গেয়ে থাকেন। ঠুংরী গান ছোট হলেও অত্যন্ত জনপ্রিয়—তাতে কোন সন্দেহ নেই। ঠুংরী ভালভাবে গাওয়া খুব সহজ নয়। উত্তর প্রদেশেই ঠুংরী সবথেকে ভালভাবে গাওয়া হয়ে থাকে। মহারাষ্ট্রে ভাল ঠুংরী খুব-একটা শোনা যায় না। লক্ষ্ণৌ ও বেনারস ঠুংরীর জন্য বিখ্যাত। ঠুংরীতে রাগের শুদ্ধতা বজায় রাখার দিকে বিশেষ মনোযোগ দেওয়া হয় না। কোন কোন গায়ক সচেতনভাবেই বিভিন্ন রাগের মিশ্রণ ঘটান এবং এই মিশ্রণকে সুন্দর করে পরিবেশন করার ব্যাপারে বিশেষ যত্ন নিয়ে থাকেন। মহারাষ্ট্রে ঠুংরীর ব্যাপারে খুব-একটা আগ্রহ চোখে পড়ে না। এখানে খেয়াল ও ধ্রুপদ গানই বেশি জনপ্রিয়। মহারাষ্ট্রে রাগ ও তার তত্ত্বকেই (শাস্ত্র) বেশি প্রাধান্য দেওয়া হয়। সম্ভবত এজন্যই ঠুংরী এখানে জনপ্রিয় নয়। ঠুংরী গান কখনোই নিন্দনীয় নয়। মনে রাখা দরকার যে ঠুংরীও চমৎকারভাবে গাওয়া যায়।

হোরী

'হোরী' নামক গীত ধ্রুপদীয়ারা প্রায়ই গেয়ে থাকেন। হোরী গাওয়ার সময় 'ধমার' তালের প্রয়োগ করা হয়। এ গানে প্রায়ই কৃষ্ণ ও গোপীদের বসন্তকালীন লীলার বর্ণনা দেখা যায়। হোরীর গীত-রচনা পাণ্ডিত্যপূর্ণ নয়। এর অর্থ-বৈচিত্র্যও সাদামাটা। হোরী ধমার তালে গাওয়ার জন্য এর আর এক নাম 'ধমার'। ধমারে খেয়ালের সমান তান ব্যবহার করা হয় না। এতে ঠাহ, দুগুণ, চৌগুণ, বোলতাল, গমক এই সমস্ত অলংকার ব্যবহার করা হয়। 'ধমার' গাওয়া খুব কঠিন। এজন্য গম্ভীর, দৃপ্ত অথচ মধুর গলার দরকার. সেই সঙ্গে বিশেষ স্বরজ্ঞান বা রাগজ্ঞানেরও প্রয়োজন। খেয়াল-গায়করাও কখনও কখনও হোরী গান গেয়ে থাকেন। এতে 'দীপচন্দী' তালের প্রয়োগ

করা হয় এবং খুশিমতো তান ব্যবহার করা যায়। তবে খেয়াল-গায়ক ভাল ধমার গাইছেন—এমনটা খুব বেশি দেখা যায় না।

গজল

'গজল' গান উর্দু বা ফারসি ভাষাতেই হয়। এই গান প্রধানত পশ্তো বা দীপচন্দী তালে গাওয়া হয়। পশ্তো তাল মাত্রা বা তালিতে রূপক তালের সমান। গজলের প্রধান রস শৃঙ্গার। প্রেমিক-প্রেমিকার প্রেমার্তিই ফুটে উঠে এই গানে। হিন্দি ও উর্দুভাষী শ্রোতাদের কাছেই এই গান বেশি জনপ্রিয়। শুদ্ধ গজল গানে উদাত্ত কল্পনার প্রয়োগও দেখা যায়। গজল গানের শব্দ-রচনা অত্যন্ত মনোরম। এ-সমস্ত গান কয়েক চরণের হয়ে থাকে। এই চরণগুলিকে 'অন্তরা' বলা হয়। এ-সমস্ত অন্তরা একইভাবে গাওয়া হয়। যে গায়কের ভাষা-জ্ঞান গভীর তিনিই ভাল গজল গাইতে পারেন। সঙ্গীতের বিচারে গজলকে উচ্চশ্রেণীর গান বলা যায় না। এই গান অর্থপ্রধান। যে-সব রাগে টপ্পা ও ঠুংরী গাওয়া হয়, মূলত সেইসব রাগেই গজলও গাওয়া হয়ে থাকে। উত্তর ভারতেই এই গানের প্রচার বেশি।

তরানা

হিন্দুস্থানী গায়কেরাই এই গান বেশি গেয়ে থাকেন। যে-সব গায়ক খেয়াল গান, তাঁরা প্রায়ই এই গান গেয়ে থাকেন। তরানা আলাদা আলাদা তালের হয়। তবে এতে শব্দের বিশেষ গুরুত্ব থাকে না। এর শব্দগুলি না, তা, রে, দানি, ওদানি, তানোম্, য়ল্লী, য়লুম, তদরেদানি—এইরকম হয়ে থাকে। তরানায় রাগ ও লয়কারীর আনন্দ থাকে। কোন কোন উদ্যোগী পণ্ডিত উপরোক্ত শব্দগুলি থেকে অর্থ খোঁজার চেষ্টা করেন, কিন্তু গাওয়ার সময় জিভের পক্ষে এগুলিই উচ্চারণ করার সুবিধা—এ মত অনেকেই সানন্দে স্বীকার করে নিয়েছেন। কখনো কখনো তরানায় মৃদঙ্গের শব্দ বা ফারসি ভাষার দু'একটি শায়রীর (এক ধরনের কবিতা) ব্যবহার দেখা যায়। তরানা গান সারা দেশেই মনোরঞ্জক হয়ে উঠতে পেরেছে। বাহাদুর হুসেন খাঁ, তানরস খাঁ ও নথ্থু খাঁ-র অনেক তরানা যথেষ্টই বিখ্যাত।

চতুরঙ্গ

এ ধরনের গানে চারটি অঙ্গ বা ভাগ থাকে। তাই একে 'চতুরঙ্গ' বলা হয়। এই চারটি অঙ্গ হল—১। খেয়াল, ২। তরানা, ৩। সরগম, ৪। ত্রিবট। প্রথম ভাগে গানের শব্দ থাকে। দ্বিতীয় ভাগে থাকে তরানার শব্দ। যে রাগের চতুরঙ্গ, সেই রাগে নিবদ্ধ ছোট ছোট সরগম থাকে তৃতীয় ভাগে। শেষ ভাগ হল মৃদঙ্গের শব্দ বা কোন ছোট 'পরণ'। চতুরঙ্গ গান খুব-একটা পুরনো নয়। খেয়ালের সমপর্যায়েই গাওয়া হয় এ গান।

সরগম

এই ক্রমিক পুস্তক-মালিকায় অনেক সরগমই দেওয়া হয়েছে, এজন্য এ বিষয়ে বেশি কিছু বলার প্রয়োজন নেই। রাগের মধ্যে প্রযোজ্য স্বরগুলিরই একটি তালবদ্ধ মনোজ্ঞ রচনাকে 'সরগম' বলা হয়। সরগম বিভিন্ন তালের হয়। শিক্ষার্থীদের স্বরজ্ঞান এবং রাগজ্ঞান গড়ে তোলাই সরগমের মূল উদ্দেশ্য।

বাগ্‌গেয়কার

প্রাচীন কালে যে সঙ্গীতজ্ঞদের পদ্য রচনা ও স্বর রচনা এই দুয়েরই জ্ঞান থাকত, তাঁদেরই 'বাগ্‌গেয়কার' বলা হত। এ-সমস্ত বিদ্বজ্জনদের পাশ্চাত্য পণ্ডিতেরা 'কম্পোজার' (composer) বলে থাকেন। সংক্ষেপে বলা যায় যে বাগ্‌গেয়কারদের সাহিত্য ও সংগীত—এই দুই বিষয়েই দখল থাকা আবশ্যক ছিল। 'বাক্‌' ও 'গেয়', এই দুইকেই যিনি জানেন তিনিই বাগ্‌গেয়কার—এভাবেই এই শব্দের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। বাক্‌ অর্থে পদ্য রচনা আর 'গেয়'-র অর্থ হল স্বর রচনা। এদেরই 'মাতু' ও 'ধাতু' বলা হয়।

ধাতুমাতুসমাযুক্তং গীতমিত্যুচ্যতে বুধৈঃ।
তত্র নাদাত্মকো ধাতুর্মাতুরক্ষরসম্ভবঃ॥

—রাগতরঙ্গিণ্যাম্‌

বাঙ্‌মাতুরুচ্যতে গেয়ং ধাতুরিত্যভিধীয়তে।
বাচং গেয়ং চ কুরুতে যঃ স বাগ্‌গেয়কারকঃ॥
শব্দানুশাসনজ্ঞানমভিধানপ্রবীণতা।
ছন্দঃ প্রভেদবেদিত্বমলংকারেষু কৌশলম্‌॥

রসভাবপরিজ্ঞানং দেশস্থিতিষু চাতুরী ।
অশেষভাষাবিজ্ঞানং কলাশাস্ত্রেষু কৌশলম্ ॥
তূর্যত্রিতয়চাতুর্যং হৃদ্যশারীরশালিতা ।
লয়তালকলাজ্ঞানং বিবেকোঽনেককাকুষু ॥
প্রভূতপ্রতিভোদ্ভেদভাক্ত্বং সুভগগেয়তা ।
দেশীরাগেষ্বভিজ্ঞত্বং বাক্‌পটুত্বং সভাজয়ে ॥
রাগদ্বেষপরিত্যাগঃ সার্দ্রত্বমুচিতজ্ঞতা ।
অনুচ্ছিষ্টোক্তিনির্বন্ধো নূত্নধাতুবিনির্মিতিঃ ॥
পরচিত্তপরিজ্ঞানং প্রবন্ধেষু প্রগল্ভতা ।
দ্রুতগীতবিনির্মাণং পদান্তরবিদগ্ধতা ॥
ত্রিস্থানগমকপ্রৌঢ়িবিবিধালপ্তিনৈপুণম্ ।
অবধানং গুণৈরেভির্বরো বাগ্‌গেয়কারকঃ ॥ —রত্নাকরে

ভাবার্থ ঃ—বাগ্‌গেয়কারের নিম্নোক্ত গুণাবলী থাকা চাই ঃ

১। শব্দানুশাসনজ্ঞান—ব্যাকরণশাস্ত্রজ্ঞান।

২। অভিধানপ্রবীণতা—অমরকোষাদি গ্রন্থের জ্ঞান।

৩। ছন্দঃপ্রভেদবেদিত্ব—সবরকম ছন্দের জ্ঞান।

৪। অলংকারকৌশলঃ—সাহিত্য-শাস্ত্রে বর্ণিত উপমা প্রভৃতি যাবতীয় অলংকারের জ্ঞান।

৫। রসভাবপরিজ্ঞান—শাস্ত্রে বর্ণিত শৃঙ্গার প্রভৃতি রস তথা বিভাবাদিক ভাবের সম্যক্ জ্ঞান।

৬। দেশস্থিতিজ্ঞান—বিভিন্ন দেশের রীতি সম্পর্কে জ্ঞান।

৭। অশেষভাষাজ্ঞান—দেশের সব ভাষার জ্ঞান।

৮। কলাশাস্ত্রকৌশল—সংগীত প্রভৃতি কলাশাস্ত্রে পাণ্ডিত্য।

৯। তূর্যত্রিতয়চাতুর্য—গীত, বাদ্য ও নৃত্যের কুশলতা।

১০। হৃদ্যশারীরশালিতা—'হৃদ্য' অর্থাৎ মনোরম শরীর যিনি প্রাপ্ত হয়েছেন অর্থাৎ হৃদ্য শরীর সম্পন্ন। বেশি শ্রম বা অভ্যাস না করলেও রাগের অভিব্যক্তি (প্রদর্শন) যাঁর সহজেই আয়ত্তে আসে, তিনিই উত্তম শরীর প্রাপ্ত হয়েছেন—এ-রকম বলা হয়। এখানে শরীর একটি পারিভাষিক শব্দ।

১১। লয়তালকলাজ্ঞান—লয়, তাল বা তালাধ্যায়ে বর্ণিত কলার জ্ঞান।

১২। অনেককাকুজ্ঞান—বিভিন্ন স্বরভেদের জ্ঞান। কাকু একটি পারিভাষিক শব্দ। প্রাচীন সংগীতেও স্বরকাকু, রাগকাকু, দেশকাকু, ক্ষেত্রকাকু,

অন্যরাগকাকু ও যন্ত্রকাকু—এ-রকম ছয় কাকুভেদের কথা বলা হয়। কাকুধ্বর্নেবিকারঃ—এ-রকম ব্যাখ্যা কল্লিনাথ পণ্ডিত করেছেন।

১৩। প্রভূতপ্রতিভোদ্ভেদভাক্ত্ব—অলৌকিক বুদ্ধি (নতুন কোন কিছু সৃষ্টি করার প্রবণতা বা বুদ্ধি)।

১৪। সুভগগেয়তা—সুখপ্রদভাবে গান গাওয়ার ক্ষমতা।

১৫। দেশীরাগজ্ঞান—দেশজ রাগসমূহের জ্ঞান।

১৬। বাক্পটুত্ব—সভায় জয়লাভ করার মতো উপযুক্ত বাক্চাতুর্য।

১৭। রাগদ্বেষপরিত্যাগ—রাগদ্বেষ ত্যাগ করা।

১৮। সার্দ্রত্ব—সরসতা।

১৯। উচিতজ্ঞতা—কোন্ জায়গায় কী প্রয়োগ করা উচিত, তার জ্ঞান।

২০। অনুচ্ছিষ্টোক্তিনির্বন্ধ—স্বাধীনভাবে রচনা করার ক্ষমতা।

২১। নূত্নধাতুবিনির্মিতিজ্ঞান—নতুন নতুন স্বর রচনা করার জ্ঞান।

২২। পরচিত্তপরিজ্ঞান—অন্যের মনের ভাব জানার ক্ষমতা।

২৩। প্রবন্ধপ্রগল্ভতা—প্রবন্ধ বিষয়ে সবিশেষ জ্ঞান।

২৪। দ্রুতগীতিবিনির্মাণ—দ্রুত কবিতা রচনার ক্ষমতা।

২৫। পদান্তরবিদগ্ধতা—ভিন্ন ভিন্ন গানের ছায়া অনুকরণ করার ক্ষমতা।

২৬। ত্রিস্থানগমকপ্রৌঢ়ি—তিনটি স্থানে গমক নেওয়ার ক্ষমতা।

২৭। আলপ্তিনৈপুণ—রাগালপ্তি ও রূপকালপ্তির জ্ঞান।

২৮। অবধান—মনঃসংযোগ।

এইসব গুণ যাঁর আছে, তিনিই বাগ্গেয়কার। মধ্যম বা অধম বাগ্গেয়কারের বর্ণনা এ-রকম ঃ—

বিদধানোঽধিকং ধাতুং মাতুমন্দস্তু মধ্যমঃ।
ধাতুমাতুবিদপ্রৌঢ়ঃ প্রবন্ধেষ্বপি মধ্যমঃ।
রম্যমাতুর্বিনির্মাতাঽপ্যধমো মন্দধাতুকৃত্ ॥

পণ্ডিত

সঙ্গীতশাস্ত্রে যাঁর পূর্ণ জ্ঞান লাভ হয়েছে এবং যাঁর গায়নরীতির জ্ঞান কাজ চলবার মতো (সাধারণ), তাঁকেই পণ্ডিত বলে অভিহিত করা হয়।

দক্ষিণোত্তর স্বর-তুলনা

আজকাল আমাদের দেশে সঙ্গীতের প্রধান দুটি পদ্ধতি চালু আছে। একটি উত্তরের হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি, অন্যটি দক্ষিণের কর্ণাটকী সঙ্গীত-পদ্ধতি। এই দুই পদ্ধতির অনেক জায়গায় মিল আছে, তাই কিছুদিন পরে বেশির ভাগ জায়গাতেই এ দুটি একে অপরের সঙ্গে মিলে যেতে পারে। যদি এই মিশ্রণ উপযুক্ত পণ্ডিত করেন, তবে তা উভয় পদ্ধতির পক্ষেই ভাল। আজকাল উত্তর পদ্ধতিতে ১২-টি স্বরকে মুখ্য ধরা হয় এবং তা থেকে ঠাট রচনা করে ঠাট থেকে রাগের সৃষ্টি করা হয়। দক্ষিণের পদ্ধতিতেও ঠিক এই রীতিই দেখা যায়। এই দুটি পদ্ধতির মধ্যে শিক্ষার্থীদের কাছে এই পার্থক্যই চোখে পড়বে যে দক্ষিণ পদ্ধতির শুদ্ধস্বরস্থান উত্তর পদ্ধতির শুদ্ধস্বরস্থানের থেকে কিছু কিছু জায়গায় আলাদা। একইভাবে দুই পদ্ধতির স্বর-নামেও পার্থক্য আছে। নিম্নোক্ত তুলনামূলক স্বর-শ্রেণী থেকে ব্যাপারটি স্পষ্টভাবে বুঝে নেওয়া যায়।

	হিন্দুস্থানী স্বর-নাম	দক্ষিণী (কর্ণাটকী) স্বর-নাম
১।	সা (শুদ্ধ)	সা (শুদ্ধ)
২।	কোমল রী	শুদ্ধ রী
৩।	তীব্র বা শুদ্ধ রী	চতুঃশ্রুতি রী অথবা শুদ্ধ গ
৪।	কোমল গ	ষট্‌শ্রুতি রী অথবা সাধারণ গ
৫।	তীব্র বা শুদ্ধ গ	অন্তর গ
৬।	শুদ্ধ ম	শুদ্ধ ম
৭।	তীব্র ম	প্রতি ম
৮।	প (শুদ্ধ)	প (শুদ্ধ)
৯।	কোমল ধ	শুদ্ধ ধ
১০।	শুদ্ধ বা তীব্র ধ	চতুঃশ্রুতি ধ বা শুদ্ধ নি
১১।	কোমল নি	ষট্‌শ্রুতি ধ বা কৈশিক নি
১২।	তীব্র বা শুদ্ধ নি	কাকলী নি

দক্ষিণের তাল-পদ্ধতি

হিন্দুস্থানী গায়কেরা আজকাল যে-সমস্ত তালের প্রয়োগ করেন তা এই ক্রমিক পুস্তকমালার পূর্ববর্তী একটি খণ্ডে বলা হয়েছে। এইসমস্ত তালের মাত্রা, তালি ও বোলের বর্ণনাও সবকটি খণ্ডেই দেওয়া হয়েছে। দক্ষিণের তাল-

পদ্ধতি আমাদের তালপদ্ধতির থেকে আলাদা। এই পদ্ধতিতে মুখ্য তাল সাতটি ধরা হয় আর প্রত্যেক তালের পাঁচটি করে জাতি আছে বলে মনে করা হয়। এই প্রধান সাতটি তাল হলঃ ১। ধ্রুব, ২। মঠ, ৩। রূপক, ৪। ঝাঁপ, ৫। ত্রিপুট, ৬। অঠ, এবং ৭। একতাল। প্রত্যেক তালের ৫টি জাতি এবং সেগুলির মাত্রা এভাবে ধরা হয়ঃ—

	তাল-নাম	চতুরস্রজাতি	ত্র্যস্রজাতি	মিশ্রজাতি	খণ্ডজাতি	সংকীর্ণজাতি
১।	ধ্রুব তাল	৪.২.৪.৪	৩.২.৩.৩	৭.২.৭.৭	৫.২.৫.৫	৯.২.৯.৯
২।	মঠ তাল	৪.২.৪	৩.২.৩	৭.২.৭	৫.২.৫	৯.২.৯
৩।	রূপক তাল	৪.২	৩.২	৭.২	৫.২	৯.২
৪।	ঝাঁপ তাল	৪.১.২	৩.১.১	৭.১.২	৫.১.২	৯.১.২
৫।	ত্রিপুট তাল	৪.২.২	৩.২.২	৭.২.২	৫.২.২	৯.২.২
৬।	অঠ তাল	৪.৪.২.২	৩.৩.২.২	৭.৭.২.২	৫.৫.২.২	৯.৯.২.২
৭।	একতাল	৪	৩	৭	৫	৯

দক্ষিণী পদ্ধতিতে তালের মাত্রা ও তালি লেখার সময় যে-সমস্ত চিহ্ন ব্যবহার করা হয়, তা এইরকম—

◡	=	বিরাম	=	মাত্রা ১
o	=	দ্রুত	=	মাত্রা ২
।	=	লঘু	=	মাত্রা ৪
ꜱ	=	গুরু	=	মাত্রা ৮
૩	=	প্লুত	=	মাত্রা ১২
÷	=	কাকপদ	=	মাত্রা ১৬

এই চিহ্নগুলির সাহায্যে দক্ষিণী সঙ্গীতজ্ঞরা তাঁদের প্রধান ৭-টি তালকে এইভাবে বর্ণনা করেনঃ

১। ধ্রুব তাল — ।o।। এটি ৩ লঘু ও ১ দ্রুত মিলে ১৪ মাত্রার।
২। মঠ ,, — ।o। এটি ১ দ্রুত ও ২ লঘু মিলে ১০ মাত্রার।
৩। রূপক ,, — ।o এটি ১ লঘু ও ১ দ্রুত মিলে ৬ মাত্রার।
৪। ঝাঁপ ,, — ।◡o এটি ১ লঘু বিরাম ও ১ দ্রুত মিলে ৭ মাত্রার।
৫। ত্রিপুট ,, — ।oo এটি ১ লঘু ও ২ দ্রুত মিলে ৮ মাত্রার।
৬। অঠ ,, — ।।oo এটি ২ লঘু ও ২ দ্রুত মিলে ১২ মাত্রার।
৭। এক ,, — । এটি ১ লঘু মিলে ৪ মাত্রার।

উপরোক্ত প্রথম ধ্রুব তালে ৪টি চিহ্ন আছে এবং এতে লঘু নামের চিহ্নের অর্থ হল ৪ মাত্রা। যতগুলি চিহ্ন ততগুলিই মাত্রা ধরা হয় এবং এজন্য মাত্রা বিভাগ (বার) আনা হয়। এই চিহ্নে শুধুমাত্র লঘুর অর্থ তালে বৈচিত্র্য আনার জন্য বদলের অনুমতি। প্রয়োজনানুসারে লঘুকে ৪, ৩, ৫, ৭, ৮ মাত্রার করা যায় এবং সেই অনুসারে ত্র্যস্র, চতুরস্র, খণ্ড, মিশ্র বা সংকীর্ণ—এ-রকম এক তালের ৫টি জাতি হয়। তালের সম্ সব সময়ই প্রথম মাত্রার উপর পড়ে। উদাহরণ হিসাবে ।০।। এই চিহ্নের সাহায্যে দেখানো ধ্রুব তালকে ধরা যায়। এতে লঘু, দ্রুত, লঘু ও লঘু—এই চারটি চিহ্ন আছে। এখানে লঘুর মান যদি ৪ মাত্রা বলে মেনে নেওয়া যায় তাহলে নিশ্চিতভাবেই এই তালটি চতুরস্র জাতির ধ্রুব হবে এবং এর মোট মাত্রা হবে ১৪। ৪টি চিহ্ন হওয়ার দরুন ৪তালি ও ৪ বিভাগ (বার) হবে। হিন্দুস্থানী পদ্ধতি অনুসারে এই তালকে এভাবে লেখা যায়ঃ

১ ২ ৩ ৪ ।। ৫ ৬ ।। ৭ ৮ ৯ ১০ ।। ১১ ১২ ১৩ ১৪
× ।। ২ ।। ৩ ।। ৪

লঘুর মূল্য ৩ মাত্রা ধরা হলে, তালটি নিশ্চিতভাবেই ত্র্যস্র জাতির ধ্রুব হবে। যেমনঃ

১ ২ ৩ ।। ৪ ৫ ।। ৬ ৭ ৮ ।। ৯ ১০ ১১
× ।। ২ ।। ৩ ।। ৪

জাতি বদলানো হলেও চিহ্ন একই থাকে, কেননা তালের নাম ঐ-সমস্ত চিহ্নগুলির উপরই নির্ভর করে।

উত্তর ও দক্ষিণের সঙ্গীত-গ্রন্থ

প্রাচীন সঙ্গীতশাস্ত্র বিষয়ে আমাদের দেশের অনেক বই-এর দোকানেই প্রচুর বই পাওয়া যায়। তাঞ্জোর, মহীশূর, ত্রিবান্দ্রম ও বিকানির, এই চারটি জায়গাতেই সঙ্গীত-গ্রন্থের সংগ্রহ প্রশংসার যোগ্য।

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতির শিক্ষার্থীদের নিম্নোক্ত গ্রন্থগুলি অধ্যয়ন করার পরামর্শ আমি অবশ্যই দেব।

	গ্রন্থ	গ্রন্থকার
১।	রাগতরঙ্গিণী	লোচন
২।	সংগীতপারিজাত	অহোবল
৩।	হৃদয়কৌতুকম্	হৃদয়নারায়ণদেব
৪।	হৃদয়প্রকাশঃ	,,
৫।	রাগতত্ত্ববিবোধঃ	শ্রীনিবাস
৬।	সদ্রাগচন্দ্রোদয়	পুণ্ডরীক বিট্‌ঠল
৭।	রাগমালা	,,
৮।	রাগমঞ্জরী	,,
৯।	স্বরমেলকলানিধি	রামামাত্য
১০।	চতুর্দণ্ডিপ্রকাশিকা	বেংকটমখী
১১।	সংগীতসারামৃতম্	তুলজেন্দ্র ভোঁসলে
১২।	রাগলক্ষণম্	
১৩।	অনুপবিলাস	ভাবভট্ট
১৪।	অনুপসংগীতরত্নাকরঃ	,,
১৫।	অনুপাঙ্কুশঃ	,,
১৬।	রাগবিবোধঃ	সোমনাথ
১৭।	অষ্টোত্তরশততাললক্ষণম্	,,

উপরোক্ত এইসমস্ত গ্রন্থই এখন প্রকাশিত ও সহজপ্রাপ্য। এর মধ্যে স্বরমেলকলানিধি, চতুর্দণ্ডিপ্রকাশিকা, সংগীতসারামৃত, রাগলক্ষণম্, রাগবিবোধ এবং অষ্টোত্তরশততাললক্ষণম্—এই গ্রন্থগুলিকে কর্ণাটকী সংগীতের আধার-গ্রন্থ বলে মনে করা হয়।

— ——

হিন্দুস্থানী সঙ্গীত-পদ্ধতি

॥ রাগ জয়জয়ন্তী ॥

রাগ জয়জয়ন্তী

প্রোক্তেয়ং জয়জয়ওয়ন্তিকা তু পূর্ণা।
গৌনী দ্বাবপি মৃদুমো রিধৌ চ তীব্রৌ॥
বাদী রির্বিলসতি পঞ্চমো হি মন্ত্রী।
সোরট্যঙ্গাত ইহ গীয়তে নিশায়াম্॥

—কল্পদ্রুমাঙ্কুরে

দ্বিনিষাদা দ্বিগান্ধারা র্য়ংশা সম্বাদিপঞ্চমা।
সোরট্যঙ্গাত এবৈষা নিশি জৈজয়ওয়ন্তিকা॥

—চন্দ্রিকায়াম্

দ্বৈ গান্ধার নিখাদ দ্বৈ সম্বাদৈ প-রি সোই।
সোরটহী কে অঙ্গতেঁ জৈজওয়ন্তী হোই।

—চন্দ্রিকাসার

রিগৌ রিসৌ নিধৌ পশ্চ রিগৌ মপৌ মরী গরী।
নিসৌ রাত্র্যাং জয়াওয়ন্তী পরমেলপ্রবেশিকা॥

—অভিনবরাগমঞ্জর্য়াম্

এই রাগটি খমাজ ঠাটের জন্য-রাগগুলির মধ্যে অন্যতম। এই রাগের জাতি সম্পূর্ণ। এর বাদী স্বর ঋষভ এবং সম্বাদী পঞ্চম। রাগটি গাওয়ার সময় রাত্রির দ্বিতীয় প্রহরের শেষ ভাগ। এই রাগে দুটি গান্ধার এবং দুটি নিষাদ প্রযুক্ত হয়ে থাকে। আরোহে তীব্র গ-নি এবং অবরোহে কোমল গ-নি প্রযুক্ত হয়, তবে অবরোহের সময় তীব্র গান্ধারও ব্যবহার করা যেতে পারে। কোমল গান্ধার শুধুমাত্র অবরোহে প্রযুক্ত হলেও এই স্বরটি প্রায়শই দুটি ঋষভের সঙ্গে মিলেমিশে থাকে। বিভিন্ন রচনাপত্রে এটিকে সোরট-অঙ্গের রাগ বলে চিহ্নিত করা হয়েছে। এটি মিশ্র রাগ। গৌড়,

বিলাবল এবং সোরঠ—এই তিনটি রাগের মিশ্রণ দেখা যায় জয়জয়ন্তী রাগে। এই রাগে মন্দ্র পঞ্চম এবং মধ্য ঋষভের সম্মিলন বড় চমৎকার রূপ নিয়ে থাকে।[১]

কোমল গান্ধার থাকার দরুন কোন কোন সঙ্গীত-বিশেষজ্ঞ এটিকে 'পরমেল-প্রবেশক রাগ' হিসেবে চিহ্নিত করে থাকেন। পরমেল-প্রবেশক কথাটির অর্থ হল—পরবর্তী ঠাটে প্রযোজ্য রাগ। যে-সব রাগে তীব্র রে, ধ এবং তীব্র গ প্রযুক্ত হয়, সেই রাগগুলি গাওয়ার পর কোমল গান্ধার এবং কোমল নিষাদ যুক্ত রাগগুলি আসে। এই রাগটি ঐ-সব রাগে প্রবেশ করতে সাহায্য করে থাকে—এমনটাই ধরে নেওয়া হয়। অর্থাৎ খমাজ ঠাটের রাগ শেষ হয়ে কাফী ঠাটের রাগ শুরু হওয়ার ইঙ্গিত দেয় এই জয়জয়ন্তী রাগটি।

॥ আরোহ-অবরোহ ॥

সা, রে রে, রে গ রে সা, ন্নি ধ্ প্, রে, গ ম প, নি র্সা।
র্সা নি ধ প, ধ ম, রে গ রে সা।

॥ পকড় ॥

রে গ রে সা, ন্নি ধ্ প্, রে।

১। এই রাগটিকে সোরঠ রাগের থেকে আলাদা রাখার জন্য সাবধানতা অবলম্বন করা দরকার। জয়জয়ন্তী রাগে ঋষভের ওপর একটা বিশেষ ধরনে আঘাত করা হয়। যথেষ্ট ভালভাবে শোনার পরই এ কাজ করা উচিত।

জয়জয়ন্তী—ঝাঁপতাল (মধ্য লয়)

স্থায়ী

প প ॥ রে রে রে ॥ রে রে ॥ রে গ সা
× ॥ ২ ॥ ০ ॥ ৩

রে গ ॥ গ ম প ॥ গ ম ॥ রে গ রে
× ॥ ২ ॥ ০ ॥ ৩

নি় নি় ॥ সা ऽ সা ॥ রে গ ॥ রে রে সা
× ॥ ২ ॥ ০ ॥ ৩

ন্রি ধ ॥ ন্রি সা সা ॥ রে ন্রি ॥ ধ ন্রি প।
× ॥ ২ ॥ ০ ॥ ৩

অন্তরা

ম ম ॥ প নি নি ॥ র্সা — ॥ নি র্সা —
× ॥ ২ ॥ ০ ॥ ৩

নি নি ॥ র্সা রেঁ গঁ ॥ রেঁ র্সা ॥ রেঁ র্সা ন্রি
× ॥ ২ ॥ ০ ॥ ৩

ধ প ॥ ধ ম গ ॥ ম প ॥ নি র্সা র্সা
× ॥ ২ ॥ ০ ॥ ৩

সা ন্রি ॥ ধ ম প ॥ ধ ম ॥ রে গ রে
× ॥ ২ ॥ ০ ॥ ৩

নি় নি় ॥ সা ऽ সা ॥ রে গ ॥ রে রে সা
× ॥ ২ ॥ ০ ॥ ৩

ন্রি ধ ॥ ন্রি রে সা ॥ রে ন্রি ॥ ধ ন্রি প।
× ॥ ২ ॥ ০ ॥ ৩

জয়জয়ন্তী—চৌতাল (বিলম্বিত)

সোরট কো অংগ সাধ সম্পূরন রূপ ধরে
দোনো লগত সুর গন্ধার বাদি রিখব মধুর করে।
বেলাবল গৌড় সোরট মেলন পরি সংগ করে
পরমেল প্রবেশক নিস জয়বন্তী নাম ধরে।

স্থায়ী

ম গ ম গ ম
রে — ॥ রে গরে ॥ গ প ॥ ম — ॥ গ রে ॥ গ্ রেসা
সো ঽ ॥ র টঽ ॥ কো ঽ ॥ অং ঽ ॥ গ সা ॥ ঽ ধঽ
X ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

রে নি সা
নি সা ॥ রে গ্ ॥ রে সা ॥ সা — ॥ রে নি ॥ ধ্ প
সম্ ঽ ॥ পূ ঽ ॥ র ন ॥ রূ ঽ ॥ প ধ ॥ রে ঽ
X ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

প ম র্সা
ম — ॥ রে ম ॥ প প ॥ নি নি ॥ র্সা র্সা ॥ — র্সা
দো ঽ ॥ নো ল ॥ গ ত ॥ সু র ॥ গন্ ধা ॥ ঽ র
X ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

প ম প প
র্সা — ॥ নি ধপ ॥ পম র্সা ॥ নিধ ধধ ॥ ম ম ॥ গরে গসা
বা ঽ ॥ দি রিঽ ॥ খঽ ব ॥ মঽ ধুঽ ॥ র ক ॥ রেঽ ঽঽ।
X ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

অন্তরা

সাঁ
ম — ॥ ম প ॥ নি নি ॥ সাঁ — ॥ নি সাঁ ॥ সাঁ সাঁ
বে ঽ ॥ লা ঽ ॥ ব ল ॥ গৌ ঽ ॥ ড় সো ॥ র ট
× ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

সাঁ গ্ঁ নি সাঁ
নি সা ॥ রেঁ রেঁগ্ঁ ॥ রেঁ সাঁ ॥ সাঁ — ॥ রেঁ নি ॥ ধ প
মে ঽ ॥ ল নঽ ॥ প বি ॥ সং ঽ ॥ গ ক ॥ রে ঽ
× ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

ম সাঁ
ম ম ॥ রেঁ ঽ ॥ ম প ॥ নি — ॥ সাঁ নি ॥ সাঁ সাঁ
প র ॥ মে ঽ ॥ ল প্র ॥ বে ঽ ॥ শ ক ॥ নি স
× ॥ ০ ॥ ২ ॥ ০ ॥ ৩ ॥ ৪

প প প
সাঁ নি ॥ ধ প ॥ ম সাঁ ॥ নি ধধ ॥ ম ম ॥ গরে গসা
